গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ২০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ২১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৬

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সারাদেশে কানেক্টিভিটি স্থাপন, মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্নেন্স প্রতিষ্ঠায় সহায়তা এবং আইসিটি শিল্পের বিকাশ সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করছে। ২৬০০ ইউনিয়নে ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদান, ১০০০ পুলিশ অফিসে ভিপিএন সংযোগ প্রদান, সিলেট এবং কক্সবাজারে ২০০টি ফ্রি ওয়াই-ফাই হটস্পট স্থাপন, দুর্গম ৭৭২টি ইউনিয়নে ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদানের সাইট সার্ভে সম্পন্নকরণ, সৌদি আরবে ১৫টি ল্যাবসহ দেশের ৪১৭৬টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন, ১০৫০০ জন নারীকে পৃথক প্রশিক্ষণ ও ইন্টার্নশীপ প্রদানসহ ফ্রি-ল্যান্সিং ও আউটসোর্সিং বিষয়ে লক্ষাধিক তরুণ-তরুণীকে প্রশিক্ষণ প্রদান, ৩৫০০০+ সরকারি কর্মকর্তাকে ই-সেবাবিষয়ক প্রশিক্ষণ প্রদান, ই-লার্নিং প্লাটফর্ম 'মুক্তপাঠ'-এ ৪.৫১+ লক্ষ প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ গ্রহণ, ২৭টি সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে গবেষণার জন্য বিশেষায়িত ল্যাব প্রতিষ্ঠা, গবেষণা খাতে ১৬০ জনকে ফেলোশিপ ৩৩৪ জনকে অনুদান প্রদান, স্টার্টআপদের কো-ওয়ার্কিং স্পেস ও ট্রেনিং প্রদানে আইসিটি উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠা, ০৫টি হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্কের বাণিজ্যিক কার্যক্রম শুরু ও বিভিন্ন পার্কে প্রায় ১৪,০০০ লোকের কর্মসংস্থান, জাতীয় ডাটা সেন্টার Tier-III-এর সক্ষমতা বৃদ্ধি এবং Tier-IV ডাটা সেন্টার চালু, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি গঠন, BNDA প্রস্তুত, ০৫টি বেসরকারি ও ০১টি সরকারি প্রতিষ্ঠানকে ডিজিটাল স্বাক্ষরের সিএ লাইসেন্স প্রদান, NID-এর ডাটাবেজ ব্যবহার করে 'পরিচয়' সেবা চালু, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রায় ৪০০টি ডিজিটাল সার্ভিস ডিজাইন, কল সেন্টার '৩৩৩' চালু, CAMS উন্নয়নের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের ভাতা প্রদান, corona.gov.bd ওয়েবসাইট তৈরি, করোনা লাইভ টেস্ট প্ল্যাটফর্ম প্রস্তুত, করোনা ট্রেসার অ্যাপ প্রস্তুত এবং ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮, সরকারি ই-মেইল নীতিমালা ২০১৮, ওয়ান স্টপ সার্ভিস বিধিমালা ২০১৯, ই-গভর্নমেন্ট মাস্টারপ্ল্যান ফর ডিজিটাল বাংলাদেশ ২০১৯, বিএনডিএ নির্দেশিকা ২০১৯, ন্যাশনাল ব্লকচেইন স্ট্র্যাটেজি:বাংলাদেশ ২০২০, স্ট্র্যাটেজি টু মাইক্রোপ্রসেসর ডিজাইন ক্যাপাসিটি প্রমোট ইন বাংলাদেশ ২০২০, ন্যাশনাল স্ট্র্যাটেজি ফর আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স বাংলাদেশ ২০২০, ন্যাশনাল ইন্টারনেট অব থিংস স্ট্র্যাটেজি বাংলাদেশ ২০২০ ইত্যাদি প্রণয়ন সাম্প্রতিক সময়ের অন্যতম অর্জন। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে ডিজিটাল কালারড ভার্সন করার স্বীকৃতিস্বরূপ ইউনেস্কো কর্তৃক সনদ প্রাপ্তিসহ WSIS, APICTA, DCD APAC এওয়ার্ড, অ্যাসোসিও ডিজিটাল গভর্নমেন্ট এওয়ার্ডসহ বিভিন্ন আন্তর্জাতিক পুরস্কার অর্জিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদানসহ সচল রাখা; দ্রুত পরিবর্তনশীল ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে নিরাপদ সাইবার স্পেস নিশ্চিতকরণ; ডিজিটাল ডিভাইড দূরীকরণে জনগণের সম্পৃক্ততা; বৈশ্বিক দুর্যোগ কোভিড-১৯ মোকাবেলা করে পর্যাপ্ত অবকাঠামো নির্মাণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দুর্গম অঞ্চলে কানেক্টিভিটি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণসহ মনিটরিং-এর আওতাভুক্তকরণ; ন্যাশনাল সিকিউরিটি অপারেশন সেন্টার ও মনিটরিং প্ল্যাটফরম স্থাপন; শহরের আইসিটি সংক্রান্ত সুযোগ-সুবিধা গ্রামে পৌঁছে দেয়া; প্রত্যন্ত অঞ্চলের জনগণ, পিছিয়ে পড়া জনগোষ্ঠী বিশেষ করে নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণ প্রদান; এবং যেকোনো বৈশ্বিক দুর্যোগ মোকাবেলায় দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে করণীয় বিষয়ে রোডম্যাপ প্রণয়ন।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১৬০০ ইউনিয়ন ডিজিটাল সেন্টার-এ ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদান;
- ৫০৭০০ জন প্রশিক্ষণার্থীকে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং উচ্চশিক্ষা/গবেষণার ক্ষেত্রে ১৫০টি ফেলোশিপ/অনুদান প্রদান;
- ৪৫০টি ডিজিটাল সার্ভিস ডিজাইন সম্পন্নকরণ, জেলা/উপজেলা পর্যায়ে ৫৮% সরকারি দপ্তরে ই-নথি সম্প্রসারণ; এবং
- পোস্ট কোভিড-১৯ আইসিটি রোডম্যাপ খসড়া প্রণয়ন ও আইসিটি শিল্প/মেধা বিকাশে ৪টি ইভেন্ট/ প্রতিযোগিতা আয়োজন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সোনার বাংলা বিনির্মাণে জনবান্ধব তথ্যপ্রযুক্তি

### ১.২ অভিলক্ষ্য (Mission)

তৃণমূল পর্যায়ে নির্ভরযোগ্য ডিজিটাল অভিগমন, তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ মানবসম্পদ উন্নয়ন, আইটি শিল্পের রপ্তানিমুখী বিকাশ এবং জনবান্ধব তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সুখী সমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠা

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. তথ্য প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়ন

২. ই-গর্ভনেন্স কাঠামো শক্তিশালীকরণ

৩. তথ্য প্রযুক্তি বিষয়ক মানবসম্পদ উন্নয়ন ও জনসচেতনতা বৃদ্ধি

৪. আইসিটি শিল্পের উন্নয়ন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জাতীয় অভীষ্ট্য ও পরিকল্পনা অনুসরণপূর্বক তথ্য ও যোগাযোগপ্রযুক্তি সংক্রান্ত নীতিগত বিষয় বাস্তবায়ন;

২. ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স এবং আইসিটি সংক্রান্ত অন্যান্য জাতীয় প্রতিষ্ঠান সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;

৩. আইসিটি বিষয়ে অন্যান্য মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে সমন্বয় সাধন;

৪. আইসিটি সার্ভে, গবেষণা, ডিজাইন ও উন্নয়নের নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ এবং সহযোগিতা প্রদান;

৫. আইসিটি সেবাসমূহের বাণিজ্যিকীকরণ ও জনগণের নিকট সহজপ্রাপ্যকরণের নিমিত্ত গাইডলাইন প্রণয়ন এবং বাস্তবায়ন পরিবীক্ষণ করা;

৬. আন্তর্জাতিক অঙ্গনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন সংক্রান্ত চলমান কার্যক্রমে বাংলাদেশকে সম্পৃক্তকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৭. এ বিভাগের কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে লিয়াঁজো এবং অন্যান্য দেশ ও বিশ্ব সংস্থাসমূহের সাথে চুক্তি ও সমঝোতাসংক্রান্ত বিষয়ে দায়িত্বপালন;

৮. আইসিটি বিভাগের জন্য আইন, নীতিমালা, কৌশল ইত্যাদি প্রণয়ন;

৯. আইসিটি প্রমোশন এবং জনগণের দোরগোড়ায় আইসিটি সেবা পৌছানোর নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

১০. ই-গভর্নমেন্ট, ই-ইনফ্রাস্ট্রাকচার, ই-হেলথ, ই-কমার্স এবং অনুরূপ যে কোনো বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগকে সহায়তা প্রদান; এবং

১১. ডিজিটাল বিভাজন হ্রাসকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইসিটিতে সর্বজনীন প্রবেশাধিকার বৃদ্ধি | ইন্টারনেট ব্যবহারকারী | সংখ্যা (মিলিয়ন) | ৮৭.৭৯০ | ৯৯.৯৮৪ | ১০৫ | ১০৭ | ১১০ | স্থানীয় সরকার বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সড়ক বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেতু বিভাগ | বিটিআরসি'র ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন |
| আইসিটি খাতে দক্ষতা বৃদ্ধি | সুবিধাভোগী | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | | ১৪২৮৮২ | ১৯৩৮৮২ | ২১০০০০ | ২৩০০০০ | আইসিটি বিভাগ | আইসিটি বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), সিআরআই এর বিভিন্ন তথ্য-উপাত্ত ও প্রতিবেদন |
| ই-সার্ভিস এ সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধি | সুবিধাভোগী | সংখ্যা (কোটি) | ৩.৯২ | ৯.৫ | ১২.৫ | ১৫ | ১৭ | আইসিটি বিভাগ | এটুআই এর প্রতিবেদন |
| আইসিটি খাতে রপ্তানি আয় বৃদ্ধি | রপ্তানী আয়ের পরিমাণ | মিলিয়ন ডলার | ৫৪৯.০৫ | ৬১৩ | ১০০০ | ২০০০ | ২৫০০ | আইসিটি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | রপ্তানী উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রকাশিত পরিসংখ্যান ডাটা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] তথ্য প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়ন | ২০ | [১.১] কানেক্টিভিটি এবং আইসিটি অবকাঠামো সম্প্রসারণ কার্যক্রমের পরিদর্শন ও মনিটরিং | [১.১.১] অবকাঠামো পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২৩ | ১৩০ | ৮০ | ৭৭ | ৭৫ | ৭২ | ৭০ | ১২০ | ১৩০ |
| | | [১.২] জাতীয় নেটওয়ার্ক অপারেশন সেন্টারের কার্যক্রম পরিবীক্ষণ | [১.২.১] পরিবীক্ষণ প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৩] বাংলাদেশ জাতীয় সংসদ কমপ্লেক্সে নিরবচ্ছিন্ন ও উচ্চগতিসম্পন্ন ল্যান এর জন্য নোড স্থাপন | [১.৩.১] নোড স্থাপিত | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৮০ | ৭৭ | ৭৫ | ৭২ | ৭০ | | |
| | | [১.৪] বাংলাদেশ জাতীয় সংসদ কমপ্লেক্সে উচ্চ ক্ষমতাসম্পন্ন ওয়াই-ফাই ডিভাইস স্থাপন | [১.৪.১] ওয়াই-ফাই স্থাপিত | তারিখ | তারিখ | ২ | | | ২৯.০৪.২১ | ১৩.০৫.২১ | ৩১.০৫.২১ | ১০.০৬.২১ | ২০.০৬.২১ | | |
| | | [১.৫] ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান | [১.৫.১] ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংযুক্ত | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১৬০০ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | ১৩৭০ | | |
| | | [১.৬] ইউনিয়ন পপ হতে প্রান্তিক পর্যায়ে গ্রাহক সংযোগ প্রদান | [১.৬.১] সংযোগ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৩০০০ | ২৮০০ | ২৬০০ | ২৫০০ | ২২০০ | ৪০০০ | ৫০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] হাই-টেক পার্কে এমটিবি/এমপিবি ভবন নির্মাণ নিশ্চিতকরণ | [১.৭.১] স্পেস নির্মিত | সমষ্টি | বর্গফুট | ১ | ৫০০০০ | ৮০০০০ | ১০০০০০ | ৯০০০০ | ৮৫০০০ | ৮০০০০ | ৭৫০০০ | ১০০০০০ | ১০০০০০ |
| | | [১.৮] আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারের ভবন নির্মাণ নিশ্চিতকরণ | [১.৮.১] স্পেস নির্মিত | সমষ্টি | বর্গফুট | ১ | ১৫৫৬০০ | ১৮০০০০ | ১৮০০০০ | ১৭০০০০ | ১৬৫০০০ | ১৬০০০০ | ১৫৫০০০ | ৫০০০০ | ৫০০০০ |
| | | [১.৯] হাই-টেক পার্কে স্পেস বরাদ্দ প্রদান নিশ্চিতকরণ | [১.৯.১] স্পেস বরাদ্দকৃত | সমষ্টি | বর্গফুট | ১ | ৩২২০০০ | ১০০০০০ | ১০০০০০ | ৯০০০০ | ৮৫০০০ | ৮০০০০ | ৭৫০০০ | ১০০০০০ | ১০০০০০ |
| | | [১.১০] বিভিন্ন সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব স্থাপন | [১.১০.১] ল্যাব স্থাপিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১৫ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | [১.১১] ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার (সিআইআই) পরিদর্শন | [১.১১.১] সিআইআই পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৬ | ৭ |
| | | [১.১২] দূর্গম এলাকায় ইউনিয়ন পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের জন্য ডাক্ট পাইপ ক্রয় | [১.১২.১] পাইপ ক্রয়কৃত | সমষ্টি | কিলোমিটার | ১ | | | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ৫০০০ | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] ই-গর্ভনেন্স কাঠামো শক্তিশালীকরণ | ১৯ | [২.১] বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডিজিটাল সার্ভিস ডিজাইন | [২.১.১] সার্ভিস ডিজাইনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩৫৯ | ৪৫০ | ৪২০ | ৪০০ | ৩৬০ | ৩৫০ | ৫০০ | ৫৫০ |
| | | [২.২] জেলা/উপজেলা পর্যায়ে সরকারি অফিসে ই-নথি কার্যক্রম সম্প্রসারণ | [২.২.১] দপ্তর সংযুক্ত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৪২.৭১ | ৫৮ | ৫৬ | ৫৩ | ৫১ | ৫০ | ৭৯ | ১০০ |
| | | [২.৩] বিভিন্ন সরকারি দপ্তরের ২৮৫০টি সেবা সহজিকরণে কারিগরি সহায়তা প্রদান | [২.৩.১] সেবা সহজিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ১৪.০৩ | ২১ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ৫৬ | ১০০ |
| | | [২.৪] সফটওয়্যার/ অ্যাপ্লিকেশন সার্টিফিকেশন কার্যক্রম পরিবীক্ষণ | [২.৪.১] পরিবীক্ষণ প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [২.৫] পোস্ট কোভিড-১৯ আইসিটি রোডম্যাপ প্রণয়ন (খসড়া) | [২.৫.১] খসড়া প্রণীত | তারিখ | সংখ্যা | ২ | | | ৩১.১২.২০ | ১৭.০১.২১ | ১৫.০২.২১ | ২৮.০২.২১ | ১৫.০৩.২১ | | |
| | | [২.৬] জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৬.১] প্রাপ্ত ত্রৈ মাসিক প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২০ | ১৭ | ১৫ | ১৪ | ১৩ | ৩০ | ৪০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | | [২.৬.২] ফলাবর্তক প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৫ | ২০ |
| | | [২.৭] বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কার্যক্রমকে অটোমেশনে রূপান্তরকরণে সফটওয়্যার উন্নয়ন | [২.৭.১] সফটওয়্যার মডিউল উন্নয়নকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৩ | ১২ | ১১ | ১০ | ৯ | | |
| | | [২.৮] মাননীয় সংসদ সদস্যগণের মাঝে ল্যাপটপ বিতরণ | [২.৮.১] ল্যাপটপ বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩৫০ | ৩৪০ | ৩৩৭ | ৩৩৫ | ৩৩০ | | |
| | | [২.৯] 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর আওতায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির সভা আয়োজন | [২.৯.১] সভা/কর্মশালা আয়োজিত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০১.২১ | ২৮.০২.২১ | ৩১.০৩.২১ | ২৯.০৪.২১ | ৩১.০৫.২১ | ২৬.১২.২১ | ২৯.১১.২১ |
| | | [২.১০] রোবোটিক্স ইন বাংলাদেশ এর স্ট্র্যাটেজি প্রণয়ন | [২.১০.১] খসড়া স্ট্র্যাটেজি প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ০৫.০৫.২১ | ১৩.০৫.২১ | ৩০.০৫.২১ | ১৫.০৬.২১ | ২৪.০৬.২১ | | |
| | | [২.১১] ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত হেল্প-ডেস্ক চালু নিশ্চিতকরণ | [২.১১.১] হেল্প-ডেস্ক চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ০১.১১.২০ | ১৫.১১.২০ | ৩০.১১.২০ | ১৫.১২.২০ | ৩১.১২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.১২] ডাটা প্রটেকশন এন্ড প্রাইভেসি অ্যাক্ট/বিধি/গাইডলাইন প্রণয়ন (খসড়া) | [২.১২.১] খসড়া আইন/বিধি/গাইডলাইন প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ২৯.০৪.২১ | ১৬.০৫.২১ | ৩১.০৫.২১ | ১৫.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| | | [২.১৩] গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর আইটি অডিট সম্পন্ন করা | [২.১৩.১] অডিট সম্পন্নকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | ৫ | ৭ |
| | | [২.১৪] জাতীয় তথ্য ও সেবা কেন্দ্র-৩৩৩ এর নির্দেশিকা প্রণয়ন | [২.১৪.১] খসড়া নির্দেশিকা প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ২৮.০৪.২১ | ১৬.০৫.২১ | ৩০.০৫.২১ | ১০.০৬.২১ | ২০.০৬.২১ | | |
| [৩] তথ্য প্রযুক্তি বিষয়ক মানবসম্পদ উন্নয়ন ও জনসচেতনতা বৃদ্ধি | ১৮ | [৩.১] তরুণ-তরুণীদের প্রফেশনাল আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ৮৫০০ | ৮০০০ | ১২০০০ | ৮০০০ |
| | | [৩.২] ক্রস প্ল্যাটফর্মে মোবাইল গেইম এবং অ্যাপ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০০০০ | | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ৮৫০০ | ৮০০০ | | |
| | | [৩.৩] সরকারি কর্মকর্তাদের ই-সেবাবিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৩৪০০০ | ১০০০০ | ৯৬০০ | ৯৩০০ | ৯০০০ | ৮৮০০ | ১২০০০ | ১৩০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৪] আইটি/আইটিইএস প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৫০০০ | ৪৭০০ | ৪৩০০ | ৪০০০ | ৩৮০০ | ৮০০০ | ১০০০০ |
| | | [৩.৫] আইসিটি খাতে উচ্চ শিক্ষায় গবেষণার জন্য ফেলোশিপ প্রদান | [৩.৫.১] সুবিধাভোগী | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৫০ | ৫০ | ৪৬ | ৪৩ | ৪২ | ৪০ | ৫৫ | ৬০ |
| | | [৩.৬] সরকারি/বেসরকারি কর্মকর্তাসহ সকল স্তরের জনগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৩.৬.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৫০০০ | ৪৮০০ | ৪৫০০ | ৪২০০ | ৪০০০ | ৬০০০ | ৭০০০ |
| | | [৩.৭] ডিজিটাল স্বাক্ষর ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | [৩.৭.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ১ | ৬২০ | ৭০০ | ৭০০ | ৬৭৫ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৭৫০ | ৮০০ |
| | | [৩.৮] ডিজিটাল নিরাপত্তায় স্কুল/কলেজ পর্যায়ে ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন | [৩.৮.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ১ | ২০৩৯৪ | ১০০০০ | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ৮৭০০ | ৮৫০০ | ১২০০০ | ১৫০০০ |
| [৪] আইসিটি শিল্পের উন্নয়ন | ১৮ | [৪.১] আইসিটি শিল্প/মেধা বিকাশে ইভেন্ট/প্রতিযোগিতা আয়োজন | [৪.১.১] ইভেন্ট/প্রতিযোগিতা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৪.২] ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | [৪.২.১] দিবস উদ্‌যাপন | তারিখ | তারিখ | ১ | ১২.১২.১৮ | ১২.১২.১৯ | ১২.১২.২০ | | | | | | |
| | | | [৪.২.২] সভা/সেমিনার/কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৬৪ | ৬৪ | ৬৪ | ৬১ | ৫৯ | ৫৭ | ৫৫ | ৬৪ | ৬৪ |
| | | [৪.৩] আইসিটি ক্ষেত্রে গবেষণা/উদ্ভাবনীমূলক কাজে ব্যক্তি/প্রতিষ্ঠান পর্যায়ে অনুদান প্রদান | [৪.৩.১] অনুদান প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ১২৩ | ১২৬ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১২০ | ১৩০ |
| | | [৪.৪] "মুজিব আমার পিতা" গ্রন্থের ইন্টারেক্টিভ মোবাইল অ্যাপ উন্নয়ন | [৪.৪.১] অ্যাপ উন্নয়নকৃত | তারিখ | তারিখ | ২ | | | ০১.০২.২১ | ১৫.০২.২১ | ২৮.০২.২১ | ১৫.০৩.২১ | ৩১.০৩.২১ | | |
| | | [৪.৫] বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে এনিমেটেড মুভি নির্মাণ | [৪.৫.১] মুভি নির্মিত | তারিখ | তারিখ | ২ | | | ৩১.০৫.২১ | ১০.০৬.২১ | ২০.০৬.২১ | ২৪.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| | | [৪.৬] সরকারি/বেসরকারি বিভিন্ন সেবা সম্পর্কিত মোবাইল অ্যাপস উন্নয়ন | [৪.৬.১] অ্যাপস উন্নয়নকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২৫ | ২৩ | ২১ | ২০ | ১৯ | ৩৫ | ৪০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৭] আইসিটি শিল্প বিকাশে মোবাইল গেইম উন্নয়ন | [৪.৭.১] গেইম উন্নয়নকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬০ | ৫৭ | ৫৫ | ৫৩ | ৫২ | ৮০ | ১০০ |
| | | [৪.৮] উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি'র আওতায় স্টার্টআপকে অনুদান এবং মেন্টরিং প্রদান | [৪.৮.১] সুবিধা গ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ১ | ৮০ | ৪০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১২০ |
| | | [৪.৯] মুজিববর্ষ উপলক্ষে নির্বাচিত স্টার্ট-আপদের বিনামূল্যে স্পেস বরাদ্দ প্রদান | [৪.৯.১] সুবিধা গ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২০ | ১৭ | ১৫ | ১৩ | ১২ | | |
| | | [৪.১০] মুজিববর্ষ উপলক্ষে "বঙ্গবন্ধু ইনোভেশন গ্র্যান্ট" এর আওতায় সেরা উদ্ভাবনী উদ্যোক্তাকে অনুদান প্রদান | [৪.১০.১] সুবিধা গ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | ১৭-০৯-2020 |
| সিনিয়র সচিব<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক,<br>টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | তারিখ |

| | |
|---|---|
| ........................................ | ১৭.০৯.২০২০ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ২ | সিসিএ | কন্ট্রোলার অব সার্টিফায়িং অথরিটিজ |
| ৩ | সিআইআরটি | কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম |
| ৪ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ৫ | উইটসা | ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি এন্ড সার্ভিসেস এলায়েন্স |
| ৬ | আইটিইএস | ইনফরমেশন টেকনোলজি এনাবলড সার্ভিস |
| ৭ | আইটিইই | ইনফরমেশন কমিউনিকেশন টেকনোলজি ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশন |
| ৮ | অ্যাসিসিও | এশিয়ান ওশেনিয়ান কম্পিউটার ইন্ডাস্ট্রি অরগানাইজেশন |
| ৯ | এআই | আর্টিফিশিয়াল ইন্টিলেজেন্স |
| ১০ | ভিএলএসআই | ভেরি লার্জ স্কেল ইন্টিগ্রেশন |
| ১১ | জিআরপি | গভর্নমেন্ট রিসোর্স প্ল্যানিং |
| ১২ | এমপিবি | মাল্টি পারপাস বিল্ডিং |
| ১৩ | এমটিবি | মাল্টিটেনেন্ট বিল্ডিং |
| ১৪ | আইওটি | ইন্টারনেট অব থিংগস |
| ১৫ | CAMS | Central Aid Management System |
| ১৬ | WSIS | World Summit on the Information Society |
| ১৭ | সিআইআই | ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রকাচার |
| ১৮ | BNDA | Bangladesh National Digital Architecture |
| ১৯ | পপ | পয়েন্ট অফ প্রেজেন্স |
| ২০ | APICTA | Asia Pacific ICT Alliance Awards |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] কানেক্টিভিটি এবং আইসিটি অবকাঠামো সম্প্রসারণ কার্যক্রমের পরিদর্শন ও মনিটরিং | [১.১.১] অবকাঠামো পরিদর্শনকৃত | বিভিন্ন বিভাগ এবং জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কানেক্টিভিটি এবং আইসিটি অবকাঠামো সম্প্রসারণ কার্যক্রমের ফিজিক্যাল/ভার্চুয়াল পরিদর্শন ও মনিটরিং | মূল্যায়ন ও পরিবীক্ষণ শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | পরিদর্শন প্রতিবেদন | বিভিন্ন প্রতিবেদন/প্রকাশনা/সংশ্লিষ্ট শাখার প্রতিবেদন |
| [১.২] জাতীয় নেটওয়ার্ক অপারেশন সেন্টারের কার্যক্রম পরিবীক্ষণ | [১.২.১] পরিবীক্ষণ প্রতিবেদন | আইসিটি বিভাগের মাধ্যমে সরকারি অফিসে স্থাপিত নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ ও সচল রাখার কার্যক্রম নেটওয়ার্ক অপারেশন সেন্টারের মাধ্যমে পরিবীক্ষণ | ই-সার্ভিস ডেভেলপমেন্ট এন্ড মেইন্টেনেন্স শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | পরিদর্শন প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/প্রকাশনা/সিস্টেম জেনারেটেড রিপোর্ট |
| [১.৩] বাংলাদেশ জাতীয় সংসদ কমপ্লেক্সে নিরবচ্ছিন্ন ও উচ্চগতিসম্পন্ন ল্যান এর জন্য নোড স্থাপন | [১.৩.১] নোড স্থাপিত | বাংলাদেশ জাতীয় সংসদ কমপ্লেক্সে নিরবচ্ছিন্ন ও উচ্চগতিসম্পন্ন ল্যান সংযোগের লক্ষ্যে নোড স্থাপন | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | নোড স্থাপনের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.৪] বাংলাদেশ জাতীয় সংসদ কমপ্লেক্সে উচ্চ ক্ষমতাসম্পন্ন ওয়াই-ফাই ডিভাইস স্থাপন | [১.৪.১] ওয়াই-ফাই স্থাপিত | বাংলাদেশ জাতীয় সংসদ কমপ্লেক্সে নিরবচ্ছিন্ন ইন্টারনেট ব্যবহারের জন্য উচ্চ ক্ষমতাসম্পন্ন ওয়াই-ফাই ডিভাইস স্থাপন | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | ওয়াই-ফাই স্থাপন সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.৫] ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান | [১.৫.১] ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংযুক্ত | ইউনিয়ন পপ হতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদান | প্রকল্প শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | কানেক্টিভিটি প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.৬] ইউনিয়ন পপ হতে প্রান্তিক পর্যায়ে গ্রাহক সংযোগ প্রদান | [১.৬.১] সংযোগ প্রদানকৃত | ইউনিয়ন পপ হতে প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে সংযোগ প্রদান | প্রকল্প শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | গ্রাহক পর্যায়ে সংযোগ প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.৭] হাই-টেক পার্কে এমটিবি/এমপিবি ভবন নির্মাণ নিশ্চিতকরণ | [১.৭.১] স্পেস নির্মিত | নির্মাণাধীন বিভিন্ন হাই-টেক পার্কে এমটিবি/এমপিবি ভবন নির্মাণ | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | এমটিবি/এমপিবি ভবন নির্মাণ সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.৮] আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারের ভবন নির্মাণ নিশ্চিতকরণ | [১.৮.১] স্পেস নির্মিত | আইসিটি অবকাঠামো এর অংশ হিসেবে দেশের বিভিন্ন স্থানে নির্মিতব্য আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারের ভবন নির্মাণ | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | ভবন নির্মাণ সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.৯] হাই-টেক পার্কে স্পেস বরাদ্দ প্রদান নিশ্চিতকরণ | [১.৯.১] স্পেস বরাদ্দকৃত | বিভিন্ন হাই-টেক পার্কে আইটি/আইটিইএস প্রতিষ্ঠানসমূহে স্পেস বরাদ্দ প্রদান | সংস্থা-২ শাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড আইসিটি ইনোভেশন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | স্পেস বরাদ্দ প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১০] বিভিন্ন সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব স্থাপন | [১.১০.১] ল্যাব স্থাপিত | বিভিন্ন সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এআই, রোবোটিক্স, ভিএলএসআই ইত্যাদি বিশেষায়িত ল্যাব স্থাপন | সংস্থা-২ শাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড আইসিটি ইনোভেশন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | বিশেষায়িত ল্যাব স্থাপন সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.১১] ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার (সিআইআই) পরিদর্শন | [১.১১.১] সিআইআই পরিদর্শনকৃত | দেশের সব গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার (সিআইআই) পরিদর্শন | ই-সার্ভিস ডেভেলপমেন্ট এন্ড মেইন্টেনেন্স শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | পরিদর্শন প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [১.১২] দূর্গম এলাকায় ইউনিয়ন পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের জন্য ডাক্ট পাইপ ক্রয় | [১.১২.১] পাইপ ক্রয়কৃত | ইউনিয়ন পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের জন্য ডাক্ট পাইপ ক্রয় সম্পন্ন করা | প্রকল্প শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | কার্যাদেশের কপি | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.১] বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডিজিটাল সার্ভিস ডিজাইন | [২.১.১] সার্ভিস ডিজাইনকৃত | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সেবা সহজিকরণের অংশ হিসেবে ডিজিটাল সার্ভিস ডিজাইন করা | ই-সর্ভিস অপারেশন শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | সেবা ডিজাইন সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.২] জেলা/উপজেলা পর্যায়ে সরকারি অফিসে ই-নথি কার্যক্রম সম্প্রসারণ | [২.২.১] দপ্তর সংযুক্ত | জেলা/উপজেলা পর্যায়ে ১৯২০০ সরকারি অফিসে ই-নথি কার্যক্রম সম্প্রসারণের অংশ হিসেবে ই-নথিতে দপ্তর সংযুক্তকরণ সংক্রান্ত শতকরা হার | ই-সর্ভিস অপারেশন শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | ই-নথিতে দপ্তর সংযুক্তকরণ সংক্রান্ত ক্রমপুঞ্জিভূত হিসেবে শতকরা হারসহ প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৩] বিভিন্ন সরকারি দপ্তরের ২৮৫০টি সেবা সহজিকরণে কারিগরি সহায়তা প্রদান | [২.৩.১] সেবা সহজিকৃত | বিভিন্ন সরকারি দপ্তরের ২৮৫০টি সেবা সহজিকরণের লক্ষ্যে কারিগরি সহায়তা প্রদান | ই-সর্ভিস অপারেশন শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | সেবা সহজিকরণ সংক্রান্ত ক্রমপুঞ্জিভূত হিসেবে প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৪] সফটওয়্যার/ অ্যাপ্লিকেশন সার্টিফিকেশন কার্যক্রম পরিবীক্ষণ | [২.৪.১] পরিবীক্ষণ প্রতিবেদন | সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে উন্নয়নকৃত বিভিন্ন সফটওয়্যারের গুণগত মান যাচাই সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ | ই-সার্ভিস ডেভেলপমেন্ট এন্ড মেইন্টেনেন্স শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | পরিবীক্ষণ কার্যক্রমের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৫] পোস্ট কোভিড-১৯ আইসিটি রোডম্যাপ প্রণয়ন (খসড়া) | [২.৫.১] খসড়া প্রণীত | কোভিড-১৯ মহামারি পরবর্তী সময়ে আইসিটি কর্মকান্ড পরিচালনা সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন | পলিসি শাখা, ই-সার্ভিস পলিসি এন্ড এ্যাক্ট অধিশাখা, আইসিটি অনুবিভাগ | প্রণীত রোডম্যাপের কপি | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৬] জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৬.১] প্রাপ্ত ত্রৈ মাসিক প্রতিবেদন | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্ম-পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের নিমিত্ত পরিবীক্ষণ | স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | সংগৃহিত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৬] জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৬.২] ফলাবর্তক প্রদানকৃত | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্ম-পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের নিমিত্ত গৃহিত প্রতিবেদনের ওপর ফলাবর্তক প্রদান | স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | ফলাবর্তক প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৭] বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কার্যক্রমকে অটোমেশনে রূপান্তরকরণে সফটওয়্যার উন্নয়ন | [২.৭.১] সফটওয়্যার মডিউল উন্নয়নকৃত | বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কার্যক্রমকে অটোমেশনে রূপান্তরকরণে সাইবার নিরাপত্তা সুনিশ্চিতকরণ, ডাটা সেন্টারের মানোন্নয়ন এবং বিভিন্ন সফটওয়্যার মডিউলগুলো একটি সমন্বিত ওয়েব প্ল্যাটফর্মে একীভূতকরণের কার্যক্রম সম্পন্ন করা | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | সম্পন্নকৃত কাজের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৮] মাননীয় সংসদ সদস্যগণের মাঝে ল্যাপটপ বিতরণ | [২.৮.১] ল্যাপটপ বিতরণকৃত | বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কার্যক্রমকে অটোমেশনের রূপান্তরকরণের অংশ হিসেবে মাননীয় সংসদ সদস্যগণের মাঝে ল্যাপটপ বিতরণ করা | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | ল্যাপটপ বিতরণের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.৯] 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর আওতায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির সভা আয়োজন | [২.৯.১] সভা/কর্মশালা আয়োজিত | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর আওতায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির সভা/কর্মশালা আয়োজন | স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | সভা/কর্মশালা আয়োজনের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.১০] রোবোটিক্স ইন বাংলাদেশ এর স্ট্র্যাটেজি প্রণয়ন | [২.১০.১] খসড়া স্ট্র্যাটেজি প্রণীত | বাংলাদেশে ইমার্জিং টেকনোলজির প্রচার-প্রসার, উৎপাদন ও ব্যবহার সহজলভ্য করার জন্য রোবোটিক্স ইন বাংলাদেশ এর স্ট্র্যাটেজি প্রণয়ন করা | পলিসি শাখা, ই-সার্ভিস পলিসি এন্ড এ্যাক্ট অধিশাখা, আইসিটি অনুবিভাগ | রোবোটিক্স ইন বাংলাদেশ এর স্ট্র্যাটেজি'র কপি | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.১১] ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত হেল্প-ডেস্ক চালু নিশ্চিতকরণ | [২.১১.১] হেল্প-ডেস্ক চালুকৃত | কলসেন্টার এবং অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে জনগণকে সাইবার নিরাপত্তা বিষয়ে প্রাথমিক সহযোগিতা প্রদান | স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | হেল্প-ডেস্ক চালুকরণ সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.১২] ডাটা প্রটেকশন এন্ড প্রাইভেসি অ্যাক্ট/বিধি/গাইডলাইন প্রণয়ন (খসড়া) | [২.১২.১] খসড়া আইন/বিধি/গাইডলাইন প্রণীত | ডিজিটাল ডাটার নিরাপত্তা নিশ্চিতকরণে ডাটা প্রটেকশন এন্ড প্রাইভেসি অ্যাক্ট প্রণয়ন (খসড়া) করা | আইন, বিধি ও প্রবিধি শাখা, ই-সার্ভিস পলিসি এন্ড অ্যাক্ট অধিশাখা, আইসিটি অনুবিভাগ | খসড়া আইনের কপি | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.১৩] গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর আইটি অডিট সম্পন্ন করা | [২.১৩.১] অডিট সম্পন্নকৃত | ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচারের সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে আইটি অডিট পরিচালনা করা | স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | আইটি অডিট সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [২.১৪] জাতীয় তথ্য ও সেবা কেন্দ্র-৩৩৩ এর নির্দেশিকা প্রণয়ন | [২.১৪.১] খসড়া নির্দেশিকা প্রণীত | জাতীয় তথ্য ও সেবা কেন্দ্র-৩৩৩ পরিচলনা সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন | পলিসি শাখা, ই-সার্ভিস পলিসি এন্ড এ্যাক্ট অধিশাখা, আইসিটি অনুবিভাগ | ৩৩৩ পরিচলনা সংক্রান্ত নির্দেশিকার কপি | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] তরুণ-তরুণীদের প্রফেশনাল আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণার্থী | আত্মকর্মসংস্থানের উদ্দেশ্যে তরুণ-তরুণীদের প্রফেশনাল আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদান | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৩.২] ক্রস প্ল্যাটফর্মে মোবাইল গেইম এবং অ্যাপ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণার্থী | তরুণ-তরুণীদের অ্যাপ্লিকেশন উন্নয়নে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ক্রস-প্ল্যাটফর্মে মোবাইল গেইম এবং অ্যাপ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৩.৩] সরকারি কর্মকর্তাদের ই-সেবাবিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষণার্থী | সরকারি কর্মকর্তাদের ই-নথিসহ অন্যান্য ই-সার্ভিস বাস্তবায়নে প্রশিক্ষণ প্রদান | ই-সর্ভিস অপারেশন শাখা, সিস্টেম ডেভেলপমেন্ট এন্ড অপারেশন অধিশাখা, আইসিটি অনুবিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য/তালিকা | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৩.৪] আইটি/আইটিইএস প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] প্রশিক্ষণার্থী | স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বেকার তরুণ-তরুণীসহ বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সংস্থা-২ শাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড আইসিটি ইনোভেশন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৩.৫] আইসিটি খাতে উচ্চ শিক্ষায় গবেষণার জন্য ফেলোশিপ প্রদান | [৩.৫.১] সুবিধাভোগী | আইসিটি খাতে উচ্চ শিক্ষা প্রোগ্রাম উৎসাহী করতে গবেষণার জন্য ফেলোশিপ প্রদান | গবেষণা বৃত্তি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | ফেলোশিপ প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বিভিন্ন প্রতিবেদন/প্রকাশনা |
| [৩.৬] সরকারি/বেসরকারি কর্মকর্তাসহ সকল স্তরের জনগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৩.৬.১] প্রশিক্ষণার্থী | সরকারি/বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরতসহ সকল পর্যায়ের নাগরিকের সাইবার নিরাপত্তায় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৩.৭] ডিজিটাল স্বাক্ষর ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | [৩.৭.১] প্রশিক্ষণার্থী | তথ্য নিরাপত্তায় সরকারি কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | সংস্থা-১ শাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড আইসিটি ইনোভেশন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৩.৮] ডিজিটাল নিরাপত্তায় স্কুল/কলেজ পর্যায়ে ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন | [৩.৮.১] প্রশিক্ষণার্থী | সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য স্কুল/কলেজ পর্যায়ে ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন | সংস্থা-১ শাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড আইসিটি ইনোভেশন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.১] আইসিটি শিল্প/মেধা বিকাশে ইভেন্ট/প্রতিযোগিতা আয়োজন | [৪.১.১] ইভেন্ট/প্রতিযোগিতা আয়োজিত | আইসিটি শিল্প ও মেধা বিকাশে ইমার্জিং টেকনোলজিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে ইভেন্ট/প্রতিযোগিতা আয়োজন | আইসিটি প্রমোশন শাখা, উন্নয়ন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | ইভেন্ট সংক্রান্ত তথ্যাদি | বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশনা |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | [৪.২.১] দিবস উদ্‌যাপন | জাতীয় ও রাষ্ট্রিয়ভাবে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন | আইসিটি প্রমোশন শাখা, উন্নয়ন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | দিবস উদ্‌যাপন সংক্রান্ত তথ্যাদি/ছবি | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| | [৪.২.২] সভা/সেমিনার/কর্মশালা আয়োজিত | জাতীয় ও রাষ্ট্রিয়ভাবে ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির অংশ হিসেবে সভা/সেমিনার/কর্মশালা আয়োজন | আইসিটি প্রমোশন শাখা, উন্নয়ন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | সভা/সেমিনার/কর্মশালার তালিকা | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৩] আইসিটি ক্ষেত্রে গবেষণা/উদ্ভাবনীমূলক কাজে ব্যক্তি/প্রতিষ্ঠান পর্যায়ে অনুদান প্রদান | [৪.৩.১] অনুদান প্রদানকৃত | বাংলাদেশে একটি উদ্ভাবনী ইকোসিস্টেম তৈরি ও নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে উদ্ভাবনীমূলক কাজের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান পর্যায়ে উদ্ভাবনী প্রকল্প নির্বাচনের মাধ্যমে অনুদান প্রদান | গবেষণা এ বৃত্তি শাখা, ই-সার্ভিস ডেলিভারি অধিশাখা, আইসিটি অনুবিভাগ | নির্বাচিত প্রকল্পের তালিকা | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৪] "মুজিব আমার পিতা" গ্রন্থের ইন্টারেক্টিভ মোবাইল অ্যাপ উন্নয়ন | [৪.৪.১] অ্যাপ উন্নয়নকৃত | "মুজিব আমার পিতা" গ্রন্থের ডিজিটাল ভার্সনে রূপান্তরের লক্ষ্যে ইন্টারেক্টিভ মোবাইল অ্যাপস উন্নয়ন | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | অ্যাপ উন্নয়ন সংক্রান্ত তথ্য | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৫] বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে এনিমেটেড মুভি নির্মাণ | [৪.৫.১] মুভি নির্মিত | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে এনিমেটেড মুভি নির্মাণ করা | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | নির্মিত মুভি সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৬] সরকারি/বেসরকারি বিভিন্ন সেবা সম্পর্কিত মোবাইল অ্যাপস উন্নয়ন | [৪.৬.১] অ্যাপস উন্নয়নকৃত | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন সেবা সম্পর্কিত মোবাইল অ্যাপ উন্নয়ন | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | মোবাইল অ্যাপ উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৭] আইসিটি শিল্প বিকাশে মোবাইল গেইম উন্নয়ন | [৪.৭.১] গেইম উন্নয়নকৃত | আইসিটি শিল্প বিকাশে দেশীয় মোবাইল গেইমকে আন্তর্জাতিক বাজারে প্রচলনের উদ্দেশ্যে মোবাইল গেইম উন্নয়ন | কর্মসূচি শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | গেইম উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৮] উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি'র আওতায় স্টার্টআপকে অনুদান এবং মেন্টরিং প্রদান | [৪.৮.১] সুবিধা গ্রহণকারী | বাংলাদেশে একটি উদ্ভাবনী ইকোসিস্টেম তৈরি ও নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে উদ্ভাবনীমূলক কাজের জন্য স্টার্ট-আপদের অনুদান এবং মেন্টরিং প্রদান | প্রকল্প শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | অনুদান এবং মেন্টরিং প্রদান সংক্রান্ত তথ্য | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.৯] মুজিববর্ষ উপলক্ষে নির্বাচিত স্টার্ট-আপদের বিনামূল্যে স্পেস বরাদ্দ প্রদান | [৪.৯.১] সুবিধা গ্রহণকারী | মুজিববর্ষ উপলক্ষ্যে হাই-টেক পার্ক হতে নির্বাচিত স্টার্ট-আপদের বিভিন্ন হাই-টেক পার্কে বিনামূল্যে স্পেস বরাদ্দ প্রদান | সংস্থা-২ শাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড আইসিটি ইনোভেশন অধিশাখা, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ | স্পেস বরাদ্দ প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |
| [৪.১০] মুজিববর্ষ উপলক্ষে "বঙ্গবন্ধু ইনোভেশন গ্র্যান্ট" এর আওতায় সেরা উদ্ভাবনী উদ্যোক্তাকে অনুদান প্রদান | [৪.১০.১] সুবিধা গ্রহণকারী | মুজিববর্ষ উপলক্ষ্যে "বঙ্গবন্ধু ইনোভেশন গ্র্যান্ট" এর আওতায় সেরা ১০০ জন উদ্ভাবনী উদ্যোক্তাকে অনুদান প্রদান | প্রকল্প শাখা, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | অনুদান প্রদান সংক্রান্ত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন/অন্যান্য প্রকাশনা |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন | হেল্প-ডেস্ক চালুকৃত | শর্ট কোড বরাদ্দ প্রদান | চাহিদা অনুযায়ী শর্ট কোড বরাদ্দ প্রদান | সঠিক সময়ে হেল্প-ডেস্ক চালু করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | গেইম উন্নয়নকৃত | প্রকল্পের অনুকূলে অর্থছাড় | কার্যক্রমসমূহ বাস্তবায়নে ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের প্রয়োজনীয়তা রয়েছে | অর্থছাড় না হলে ভেন্ডর নির্বাচন সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অ্যাপস উন্নয়নকৃত | প্রকল্পের অনুকূলে অর্থছাড় | কার্যক্রমসমূহ বাস্তবায়নে ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের প্রয়োজনীয়তা রয়েছে | অর্থছাড় না হলে ভেন্ডর নির্বাচন সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | মুভি নির্মিত | প্রকল্পের অনুকূলে অর্থছাড় | কার্যক্রমসমূহ বাস্তবায়নে ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের প্রয়োজনীয়তা রয়েছে | অর্থছাড় না হলে ভেন্ডর নির্বাচন সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অ্যাপ উন্নয়নকৃত | প্রকল্পের অনুকূলে অর্থছাড় | কার্যক্রমসমূহ বাস্তবায়নে ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের প্রয়োজনীয়তা রয়েছে | অর্থছাড় না হলে ভেন্ডর নির্বাচন সম্ভব হবে না |
| অন্যান্য | জাতীয় সংসদ সচিবালয় | ওয়াই-ফাই স্থাপিত | জাতীয় সংসদ কমপ্লেক্সে কাজের অনুমতি | ল্যান নোড স্থাপন এবং ওয়াই-ফাই ডিভাইস স্থাপনে জাতীয় সংসদ কমপ্লেক্সের ভিতর প্রবেশ করার প্রয়োজনীয়তা রয়েছে। | সঠিক সময়ে কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |
| অন্যান্য | জাতীয় সংসদ সচিবালয় | নোড স্থাপিত | জাতীয় সংসদ কমপ্লেক্সে কাজের অনুমতি | ল্যান নোড স্থাপন এবং ওয়াই-ফাই ডিভাইস স্থাপনে জাতীয় সংসদ কমপ্লেক্সের ভিতর প্রবেশ করার প্রয়োজনীয়তা রয়েছে। | সঠিক সময়ে কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংযুক্ত | কানেক্টিভিটি স্থাপনে প্রয়োজনীয় সহযোগিতা | ভূগর্ভস্থ ক্যাবল স্থাপনের প্রয়োজন হয় | কানেক্টিভিটি স্থাপন করা বিলম্বিত হবে |